

শর্মিলা চানু, ইম্ফল

মণিভূষণ ভট্টাচার্য

প্রতিরোধের প্রারম্ভ আছে, সমাপ্তি নেই.

নেতাজি রাইফেল নিয়ে সদলে ইম্ফল পর্যন্ত এসেছিলেন

না খেয়ে নয়, খেয়ে ।

বারো বছর আগে দশটি তাজা লাল গোলাপ

মাস্কেটের গুলিতে ছিন্ন

রাস্তায় শোণিতাক্ত মানচিত্র ঐঁকেছিলো,

অনশন করে প্রতিবাদ করেছিল,

টানা বারো বছর তোমাকে নাকে খাইয়ে

বাঁচিয়ে রেখেছি

সরকার, সামরিক বাহিনী, সামন্ত প্রভু, পুঁজি নেতা

সকলেই তোমাকে ভয় পায়,

কে জানে, তোমার আত্মমধ্যস্থ চেতনাস্রোত ঘিরে

আর একটা জোন অব আর্ক

আর একটা রোজা লুক্সেমবার্গ

আর একটা প্রীতিলতা,

মালিলা,...